REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 01-09-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

**(১) সারা দেশের সঙ্গে আজ রাজ্যেও নানা কর্মসূচির মধ্য দিয়ে ৭ম রাষ্ট্রীয় পোষণ মাস উদযাপন শুরু হয়েছে।**

**(২) আগরতলা থেকে এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস-এর উড়ান পরিষেবা শুরু ।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লিতে সুপ্রিমকোর্টের নতুন পতাকা ও প্রতীকের উন্মোচন করেছেন ।**

**(৪) শ্রীলঙ্কায় আয়োজিত কমনওয়েলথ দাবা প্রতিযোগিতা রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু অর্শিয়া দাস দ্বিতীয় স্বর্ণ পদক লাভ করলো।**

*******************************************

**Poshan maah-National:**

সারা দেশে আজ থেকে জাতীয় পুষ্টি সপ্তাহ ও পোষণ মাস পালিত হচ্ছে। এই বার্ষিক সপ্তাহ উদযাপন ১৯৮২ সালে মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রকের খাদ্য ও পুষ্টি পর্ষদের উদ্যোগে শুরু হয়েছিল। আকাশবাণীর প্রতিবেদক জানাচ্ছেন, এই সপ্তাহ পালনের লক্ষ্য হলো জনসাধারনের মধ্যে পুষ্টি ও স্বাস্থ্য সম্পর্কিত সচেতনতা জোরদার করা, যাতে উৎপাদনশীলতা, অর্থনৈতিক প্রবৃদ্ধি ও দেশ উন্নয়ন গভীরভাবে প্রভাবিত হয়। এই সপ্তাহ পালনের লক্ষ্য হলো শিশু থেকে প্রবীন পর্যন্ত বিভিন্ন বয়সের মানুষকে পুষ্টির চাহিদা সম্পর্কে শিক্ষিত করা।

*****************

**Poshan maah:**

সারা দেশের সঙ্গে আজ রাজ্যেও নানা কর্মসূচির মধ্য দিয়ে ৭ম রাষ্ট্রীয় পোষণ মাস উদযাপন শুরু হয়েছে। তা চলবে আগামী ৩০ সেপ্টেম্বর পর্যন্ত । এবছর রাষ্ট্রীয় পোষণ মাসের শ্লোগান হল 'সুপোষিত কিশোরী বিকশিত নারী'। ৭ম রাষ্ট্রীয় পোষণ মাস উদযাপনের উদ্দেশ্য হল সুপোষিত ভারত গঠনের লক্ষ্যে আচরণগত পরিবর্তনের মাধ্যমে মা, শিশু ও কিশোরীদের সুস্বাস্থ্য সুনিশ্চিত করা। সেপ্টেম্বর মাস ব্যাপী রাজ্যের সমস্ত অঙ্গনওয়াড়ি কেন্দ্রে এবং সব জেলায় বিভিন্ন কর্মসূচি রূপায়ণের মাধ্যমে পোষণ মাস উদযাপন করা হবে। কর্মসূচির মধ্যে রয়েছে মা, শিশু ও কিশোরীদের অ্যানিমিয়া প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি করা, অঙ্গনওয়াড়ি কেন্দ্রে মা, শিশু ও কিশোরীদের ওজন ও উচ্চতা পরিমাপ, অঙ্গনওয়াড়ি কেন্দ্রে মা ও শিশুদের সম্পূরক পুষ্টি প্রদান, পোষণ ভি পড়াই ভি কর্মসূচি । তাছাড়া রয়েছে বৃক্ষরোপন কর্মসূচি।এই কর্মসূচির শ্লোগান হল 'এক পেড় মা কি নাম'।

*****************

**Fish production Damaged:**

বন্যার কারনে সিপাহীজলা জেলার সোনামুড়া মহকুমায় মৎস্যক্ষেত্রে ব্যাপক ক্ষতি হয়েছে। গোটা মহকুমায় ১২ হাজারের উপর মৎসচাষি ক্ষতিগ্রস্ত হয়েছেন বলে জানিয়েছেন মহকুমার মৎস তত্ত্বাবধায়ক রণেন দেবরায়। প্রাথমিক হিসেবে অনুযায়ী বন্যার কারনে ১২৪৫০ টি পুকুর তথা ১৬২০ হেক্টরের মতো জলাভূমি, ৪৯২৩ মেট্রিকটন মাছ যার আনুমানিক বাজারমূল্য ১২৩ কোটি টাকা, ২৮০ লক্ষ রেনু যার আনুমানিক বাজারমূল্য ২ কোটি ৮১ লক্ষ টাকা ক্ষতি হয়েছে বলে জানান তিনি। মৎস দপ্তরের কর্মী ও আধিকারিকরা এখনো ক্ষয়ক্ষতি নিরুপনের কাজ করছেন।

******************

**Cancellation of train:**

আগরতলা সাব্রুমের মধ্যে ডেমো ট্রেন সার্ভিস আজও বন্ধ রয়েছে। শান্তিরবাজার-বিলোনিয়া এবং আগরতলা-উদয়পুরের মধ্যে ধ্বস পরার কারনে এই ট্রেন সার্ভিস বন্ধ রয়েছে। আগামীকালও ০৭৬৮২ আগরতলা-সাব্রুম এবং ০৭৬৮৯ সাব্রুম-আগরতলা ডেমো ট্রেন সার্ভিস বাতিল করা হয়েছে বলে উত্তর-পূর্ব রেলের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

******************

**Assam relief:**

আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা রাজ্যের বন্যাদুর্গতদের সাহাযার্থে ৫ কোটি টাকা প্রদান করেছেন । আজ আগরতলায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার হাতে এই ৫ কোটি টাকার চেক তুলে দেন। আসামের পর্যটন মন্ত্রী জয়ন্ত মল্লবড়ুয়া। মুখ্যমন্ত্রী ডাঃ সাহা রাজ্যের বন্যায় ক্ষতিগ্রস্থদের ত্রাণ সহায়তায় এগিয়ে আসার জন্য আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা ও আসাম সরকারের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন।

******************

**BJP Press meet:**

বন্যাদুর্গতদের সাহায্যে এগিয়ে আসার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সহ বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীদের ধন্যবাদ জানিয়েছে ত্রিপুরা প্রদেশ বিজেপি। আজ প্রদেশ বিজেপি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে দলের মুখপাত্র সুব্রত চক্রবর্তী জানান এই সাহায্যের ফলে বন্যা দুর্গতদের ব্যাপক সহায়তা হবে। পাশাপাশি শ্রী চক্রবর্তী মন্ত্রীসভায় গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক পদক্ষেপগুলির জন্য রাজ্য সরকারকে ধন্যবাদ জানান। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন দলের সাধারণ সম্পাদক ভগবান চন্দ্র দাস ও মিডিয়া ইনচার্জ সুনীত সরকার।

******************

**New Flight in Agartala:**

আজ আগরতলার মহারাজা বীর বিক্রম বিমানবন্দর থেকে এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস-এর উড়ান পরিষেবা শুরু হয়েছে। এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস এর একটি উড়ান প্রতিদিন আগরতলা থেকে গুয়াহাটি হয়ে দিল্লি রুটে চলাচল করবে। তাছাড়া আগরতলা কলকাতা রুটেও চলবে এয়ার ইন্ডিয়া এক্সপ্রেসের উড়ান। বিমানবন্দরের অধিকর্তা কে সি মিনা এ খবর জানিয়েছেন।

******************

**Sushanto Chowdhury Minister:**

সিপাহীজলা জেলার কমলা সাগরের কসবেশ্বরী কালী মন্দির প্রাঙ্গনে আজ থেকে দুইদিনব্যাপী ঐতিহ্য মন্ডিত কমলাসাগর ভাদ্র মেলা শুরু হয়েছে। আজ বিকেলে এই ভাদ্র মেলার উদ্বোধন করেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী। উদ্বোধনী অনুষ্ঠানে বিধায়ক সুশান্ত দেব ও অন্তরা দেব সরকার প্রমুখ উপস্থিত ছিলেন।

******************

**CITU:**

বিশ্বজুড়ে যুদ্ধ বাধিয়ে অশান্তির পরিবেশ তৈরির বিরুদ্ধে সমবেতভাবে লড়াই চালিয়ে যাবার আহ্বান জানিয়েছেন প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সিপিআইএম পলিটবুরোর সদস্য মানিক সরকার। আজ আন্তর্জাতিক যুদ্ধবিরোধী দিবসে আগরতলার সিটু্য কার্যালয়ে আয়োজিত হল সভায় বক্তব্য রাখতে গিয়ে একথা বলেন তিনি। ডব্লিউ এফ টি ইউ এবং আই পি এস ও-র যৌথভাবে আয়োজিত এই সভায় উপস্থিত ছিলেন সিআইটিইউ রাজ্য সভাপতি মানিক দে এবং যুদ্ধ বিরোধী রাজ্য কমিটির দুজন যুগ্ম আহবায়ক। আজ কমলাপুরের হালাহালিতেও যুদ্ধের বিরুদ্ধে শান্তির পক্ষে মিছিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

******************

**Foundation Day:**

কৈলাশহরের ঐতিহ্যবাহী রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের 75 তম প্রতিষ্ঠা দিবস আজ উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে উদযাপিত হয়।

অনুষ্ঠানের শুরুতে রামকৃষ্ণ পরমহংস দেবের মর্মর মূর্তিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করা হয়।

অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বলেন, রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের এক গৌরবময় ঐতিহ্য রয়েছে। তিনি ছাত্র-ছাত্রীদের প্রকৃত শিক্ষায় শিক্ষিত হয়ে চরিত্রবান ও নীতিনিষ্ঠ হবার আবেদন জানান।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, কৈলাশহর রামকৃষ্ণ মিশন আশ্রমের সম্পাদক স্বামী গিরিজানন্দজী মহারাজ, পশ্চিমবঙ্গের কল্যাণী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ডক্টর দিলীপ কুমার মোহন্ত, অবসরপ্রাপ্ত অধ্যাপক অনিল কুমার চক্রবর্তী, কলেজের অধ্যক্ষ ডক্টর পিনাকী পাল প্রমুখ।

******************

**BSF-KAMALPUR:**

বিএসএফের ১০৫ নম্বর ব্যাটেলিয়ানের জওয়ানরা গতকাল রাতে কমলপুরের রাঙ্গিছড়া এলাকা থেকে ৫ জন বাংলাদেশীকে আটক করে। আজ তাদের কমলপুর থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে।

******************

**Blood donation:**

আগরতলার উজান অভয়নগর স্থিত নিউস্টার ক্লাবের নব নির্মিত ভবনের উদ্বোধন উপলক্ষে আজ রক্তদান শিবির আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন আগরতলা মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, কর্পোরেটার হীরালাল দেবনাথ ও নর্থ-জোনাল চেয়ারম্যান প্রদীপ চন্দ সহ অন্যান্যরা। এদিকে, এই রক্তদান

শিবিরে নিউস্টার ক্লাবের পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর ত্রান তহবিলে ১০ হাজার টাকা প্রদান করা হয়।

******************

**Blood Donation-Ambasha:**

আমবাসার রামকৃষ্ণ সেবা সদনে আজ স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে মোট ২১ জন স্বেচ্ছা রক্ত দান করেন। সেবা সদনের পক্ষে সিদ্ধার্থ চক্রবর্তী এ খবর জানিয়েছেন। সাম্প্রতিক বন্যা পরিস্থিতিতে জেলা হাসপাতালের ব্লাড ব্যাঙ্কে রক্তস্বল্পতা দেখা দেওয়ায় আমবাসা রামকৃষ্ণ সেবা সদন এই রক্তদান শিবিরের আয়োজন করে।

******************

**Blood Donation:**

দি অল ত্রিপুরা বুক সেলার্স অ্যান্ড পাবলিশার্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে আজ আগরতলা স্টুডেন্টস হেলথ হোমে 'রক্তদান শিবিরের আয়োজন করা হয়। রক্তদান শিবিরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আগরতলা মেয়র দীপক মজুমদার। এছাড়া ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ধনঞ্জয় গন চৌধুরী, ত্রিপুরা বুক সেলার্স ও পাবলিশার্স এসোসিয়েশনের সম্পাদক উত্তম চক্রবর্তী সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। শিবিরে মোট ৩১ জন রক্তদান করেন।

******************

**MLA Ashok Mitra:**

বিধায়ক অশোক কুমার মিত্র আজ ঋষ্যমুখ বিধানসভার বন্যায় ক্ষতিগ্রস্ত বিভিন্ন এলাকা পরিদর্শন করে মানুষের সমস্যা সম্পর্কে অবগত হন। তিনি লেংটা বাড়িতে ধ্বসে চাপা পড়ে মৃতে পরিবারের লোকজনের সঙ্গে কথা বলেন। মানুষের সমস্যাগুলি

সমাধানের জন্য তিনি প্রশাসনের নজরে নেবেন বলে সকলকে আশ্বস্ত করেন।

******************

**Anil Sarkar-Birth Anniversary:**

ত্রিপুরা তপশিলি জাতি সমন্বয় সমিতি উদ্যোগে আজ প্রয়াত প্রাক্তন মন্ত্রী অনিল সরকারের ৮৬ তম জন্মবার্ষিকী মেলারমাঠস্থিত আম্বেদকর ভবনে পালন করা হয়। এই উপলক্ষ্যে তাঁর প্রতিকৃতিতে পুস্পার্ঘ্য দিয়ে শ্রদ্ধা জানান প্রাক্তন মন্ত্রী রতন ভৌমিক সহ সংগঠনের নেতৃত্ব।

******************

**President:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লিতে সুপ্রিমকোর্টের নতুন পতাকা ও প্রতীকের উন্মোচন করেছেন। তিনি জেলাভিত্তিক বিচারালয়ের জাতীয় সম্মেলনের সমাপ্তি অধিবেশনে ভাষণ দেন। সুপ্রিমকোর্ট আয়োজিত দুইদিনের এই সম্মেলনে জেলাভিত্তিক বিচারালয় বিষয়ক পাঁচটি অধিবেশন অনুষ্ঠিত হয়। এরমধ্যে ছিল পরিকাঠামো, সুবিধাযুক্ত আদালত কক্ষ, বিচারালয়ের নিরাপত্তা, মামলা পরিচালনা ও প্রশিক্ষণ। গতকাল এই সম্মেলনের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

******************

**Vice-President:**

সৈনিক স্কুলগুলিতে মেয়েদের ভর্তির সিদ্ধান্তকে অভিনন্দন জানিয়েছেন উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড়। আজ দেরাদুনের রাষ্ট্রীয় মিলিটারী কলেজে ক্যাডেটদের সামনে বক্তব্য রাখতে গিয়ে তিনি এই অভিমত ব্যক্ত করেন। উপ-রাষ্ট্রপতি জানান এই সিদ্ধান্ত লিঙ্গ সমতার ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ সদর্থক পদক্ষেপ।

******************

**Central Rail Minister:**

কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আজ বেঙ্গালুরুতে BEML সুবিধা প্রাপ্ত নতুন তৈরী বন্দে ভারত স্লিপার কোচ পরিদর্শন করেন। তিনি ঘোষণা করেন দেশীয়ভাবে নকশা করা এই কোচের সংস্করণটি পরীক্ষা ও ট্রায়াল রানের জন্য প্রস্তুত। তিনি আরও বলেন, আগামী কিছু দিনের মধ্যে এই সুবিধা চালু হয়ে যাবে। রেলমন্ত্রী বলেন, আগামী তিন মাসের মধ্যে যাত্রীরা এর সুফল পাবেন।

******************

**Arshiya-Gold:**

শ্রীলঙ্কায় আয়োজিত কমনওয়েলথ দাবা প্রতিযোগিতা রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু অর্শিয়া দাস দ্বিতীয় স্বর্ণ পদক পেয়েছেন। অর্শিয়া অনূর্ধ্ব ১৪ বছরের মেয়েদের বিভাগে দেশের হয়ে খেলে রেপিড বিভাগেও স্বর্ণ পদক পেয়েছেন। ৭ রাউন্ডের লড়াইয়ে সাড়ে ৬ পয়েন্ট সংগ্রহ করে অর্শিয়া অপরাজিতভাবে স্বর্ণ পদক জয় করেন। এর আগে ব্লিটজ বিভাগেও অর্শিয়া এই আসরে স্বর্ণ পেয়েছেন।

******************

**Sports Minister:**

"রাজ্যের ক্রীড়া পরিকাঠামোগত বিকাশ সাধনে ও ক্রীড়া প্রতিভা অন্বেষণে রাজ্য সরকার বহুমুখী প্রয়াস জারি রেখেছেন।" বলেছেন, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায়।

আজ বিকেলে কৈলাশহরের ভদ্রপল্লী স্কুল মাঠে ভদ্রেশ্বরী নক-আউট প্রাইজমানি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল ম্যাচে প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন।

এই টুর্ণামেন্টে মোট কুড়িটি ফুটবল দল অংশ নেয়। ফাইনাল ম্যাচে পরস্পরের মুখোমুখি হয়, মুর্তিছড়া স্যান্ড স্টার ও সরোজিনী চা-বাগান দল।

প্রাইজমানি হিসাবে চ্যাম্পিয়ন দলকে দশ হাজার টাকা ও রানার্স দলকে পাঁচ হাজার টাকা দেওয়া হয়। উল্লেখ্য যে, গত দশ-ই আগষ্ট থেকে এই টুর্ণামেন্ট শুরু হয়েছিলো।

******************

**IMD:**

ভারতীয় আবহাওয়া দপ্তর দেশের পশ্চিম, মধ্য ও দক্ষিনাঞ্চলে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে। আবহাওয়া দপ্তর জানিয়েছে, বিদর্ভ ও তেলেঙ্গানা অঞ্চলে আজ অতি ভারী বৃষ্টিপাত হতে পারে। সেইসাথে আসাম, উপকূলীয় অন্ধ্রপ্রদেশ, ইয়ানাম, কেরালা, মাহে, তেলেঙ্গানার বিভিন্ন অংশে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত হতে পারে।

******************

**Weather:**

উত্তর, ঊনকোটি ও ধলাই জেলার কিছু অঞ্চলে আগামী 24 ঘন্টায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া রাজ্যের বিভিন্ন অঞ্চলে বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকালের তাপমাত্রা থাকবে সর্বোচ্চ ৩৩ এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ দশমিক ৬ এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ৪৬ দশমিক ৪ মিলিমিটার।

******************

******************